

# কালের কর্ত্ত

আপডেট : ১১ জুন, ২০২২ ০১:৫৫

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## হলের রুম দখল নিয়ে ছাত্রলীগের সংঘর্ষ



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শহীদ আবদুর রব আবাসিক হলের কক্ষ দখল করাকে কেন্দ্র করে বৃহস্পতিবার রাতে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। ছবি : কালের কর্ত্ত

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) হলের রুম দখলকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয়ের শাখা ছাত্রলীগের বগিভিত্তিক উপগ্রহ ভাসিটি এক্সপ্রেস (ভিএক্স) ও বাংলার মুখের (বিএম) মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ সময় প্রায় আটটি রুম ভাঙ্চুর করা হয় এবং অন্তত ১০ জন ছাত্রলীগের কর্মী আহত হন। গত বৃহস্পতিবার রাত সোয়া ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের শহীদ আবদুর রব হলে এ ঘটনা ঘটে।

সূত্র জানায়, শহীদ আব্দুর রব হলের ২৪৭ নম্বর রুমে ভিএক্স ও বিএম গ্রুপের দুজন করে চারজন জুনিয়র কর্মী থাকেন। ওই দিন বিকেলে রুমসংক্রান্ত কোনো একটি বিষয় নিয়ে তাঁদের মধ্যে কথা-কাটাকাটি হয়। এ ঘটনা দুই পক্ষের অন্য কর্মীদের কানে গেলে তাঁদের মধ্যে উত্তেজনা সৃষ্টি হয়। পরবর্তী সময়ে বিষয়টি তাঁদের সিনিয়ররা মিটমাট করে দিলেও এ ঘটনার জেরে রাতে ভিএক্স গ্রুপের কর্মীরা বিএম গ্রুপের দখলে থাকা রুমগুলোতে অতর্কিতে হামলা

চালান। এ সময় প্রায় আটটি রুম ভাঙ্গুর করা হয় এবং এতে অন্তত ১০ জন ছাত্রলীগ কর্মী আহত হন। আহতদের বেশির ভাগই বিএম গ্রুপের কর্মী বলে নিশ্চিত হওয়া গেছে।

সংশ্লিষ্ট সূত্র আরো জানায়, সংঘর্ষের সময় ছাত্রলীগ কর্মীদের হাতে দেশি অস্ত্র ও লাঠিসোঁটা দেখা যায় এবং এ সময় বেশ কয়েকটি ককটেল বিস্ফোরণের শব্দও শোনা যায়। পরে প্রক্টরিয়াল বড়ি ও পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। আহতদের চাবি মেডিক্যালে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়।

এ বিষয়ে শহীদ আবদুর রব হলের প্রভোস্ট ও বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর রবিউল হাসান ভুঁইয়া বলেন, ‘খবর পেয়ে আমরা হলে গিয়েছি। উভয় পক্ষকে নিয়ে বসেছি। প্রক্টরিয়াল বড়ি ও পুলিশ প্রশাসন মিলে বসে সমাধানের দিকে যাচ্ছি। কয়েকজন আহত হয়েছে, তবে অবস্থা গুরুতর নয়।’

Print

সম্পাদক : শাহেদ মুহাম্মদ আলী,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্রধান কার্যালয় : প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়ডা, ঢাকা-১২২৯ ও সুপ্রভাত মিডিয়া লিমিটেড ৪ সিডি.এ বাণিজ্যিক এলাকা, মোমিন রোড, চট্টগ্রাম-৮০০০ ও কালিবালা দ্বিতীয় বাইপাস রোড, বগুড়া থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯।

পিএবিএক্স : ০৯৬১২১২০০০০, ৮৪৩২৩৭২-৭৫, বার্তা বিভাগ ফ্যাক্স : ৮৪৩২৩৬৮-৬৯, বিজ্ঞাপন ফোন : ৮৪৩২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮৪৩২০৪৭, সার্কুলেশন : ৮৪৩২৩৭৬। E-mail : info@kalerkantho.com